

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

এফই সার্কুলার নং-১৪

২০ ভাদ্র, ১৪১২
তারিখঃ-----
০৪ সেপ্টেম্বর, ২০০৫

বাংলাদেশে কার্যরত বৈদেশিক মুদ্রায়
লেনদেনের সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

বিদেশী দূতাবাসের/আন্তর্জাতিক প্রতিষ্ঠানের/এগুলোয় কর্মরত বিদেশী নাগরিকদের
বিদেশে পরিচালিত একাউন্টের উপর চেক ক্রয় বাবত স্থানীয় মুদ্রা যোগান প্রসংগে।

বিদেশী দূতাবাসের/আন্তর্জাতিক প্রতিষ্ঠানের বা এগুলোয় কর্মরত বিদেশী নাগরিকদের বিদেশস্থ ব্যাংক একাউন্টের উপর অবাধ রূপান্তরযোগ্য বৈদেশিক মুদ্রা চেক ক্রয় করে কোন কোন অনুমোদিত ডিলার ব্যাংক সমতুল্য পরিমান স্থানীয় মুদ্রা পরিশোধ করে থাকেনা এ ধরনের ক্রয়ে কার্যতঃ বিদেশ থেকে আদায় প্রাপ্তি পর্যন্ত সময়কালের জন্য বিদেশী চেকের সহজামানতের বিপরীতে ঋণযোগান দাঁড়ায়; যা Guidelines for Foreign Exchange Transactions 1996, Vol.I, chapter 25 এর para 6(a) মোতাবেক বাংলাদেশ ব্যাংকের পূর্ব অনুমতি সাপেক্ষে। এ বিষয়ে পূর্ব অনুমতির আবশ্যিকতা শিথিল করে para 6(a) এর বিদ্যমান ভাষ্যের শেষে নিম্নোক্ত ভাষ্য সংযোজনের সিদ্ধান্ত নেয়া হয়েছেঃ

“Prior Bangladesh Bank approval will however not be required for Taka advances by way of purchase of cheques in freely convertible currencies drawn by foreign embassies/international organizations/foreign nationals employed therein on their bank accounts abroad, provided that (i) the Authorized Dealer is fully satisfied about collectibility of cheque proceeds in foreign currency within four weeks of purchase,(ii) the expected collection period is fully factored in while deciding the purchase price in Taka, and (iii) the purchases are with recourse to drawers of the cheques for any difficulty in collection.”

০২. উপরোক্ত সংশোধনী অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(এ,টি,এম নাসিরউদ্দিন)
মহাব্যবস্থাপক
ফোন : ৭১২০৬৬৮।